

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩১১

আগরতলা, ২০ ডিসেম্বর, ২০২৩

তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকারের কার্যালয়ে
অগ্নিকান্ডের ঘটনায় ক্ষয়ক্ষতি হয়নি

আজ বিকেলে আগরতলার গান্ধীঘাটস্থিত তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকারের কার্যালয়ের ক্যান্টিনের পেছনে এক পরিত্যক্ত স্থানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। অগ্নিকান্ডের ঘটনা নজরে আসার সাথে সাথে অগ্নি নির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তরে খবর দেওয়া হয়। খবর পেয়ে অগ্নি নির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তরের তিনটি আগুন নেভানোর গাড়ি ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এতে পরিত্যক্ত জায়গায় পড়ে থাকা কিছু পুরোনো জিনিসপত্র পুড়ে যায়। এই ঘটনায় তথ্য ও সংস্কৃতি অধিকারের কার্যালয়ের কোনও ক্ষয়ক্ষতি হয়নি।
